মানবতাবিরোধী অপরাধে ১০ বছরের সাজা বাতিল চেয়ে ইনুর আপিল



ছবি: সংগৃহীত

জুলাই গণ-অভ্যুত্থানের সময় মানবতাবিরোধী অপরাধের মামলায় ১০ বছরের কারাদণ্ডের রায় বাতিল চেয়ে আপিল করেছেন সাবেক তথ্যমন্ত্রী ও জাসদ সভাপতি হাসানুল হক ইনু।

বুধবার (১৪ অক্টোবর) সুপ্রিম কোর্টের সংশ্লিষ্ট শাখায় আপিলটি করা হয়েছে বলে জানিয়েছেন তাঁর আইনজীবী সিফাত মাহমুদ।

আইনজীবী বলেন, ইনুর বিরুদ্ধে আনা আটটি অভিযোগের মধ্যে তিনটি প্রমাণিত হওয়ায় সাজা দেওয়া হয়েছিল। তবে এসব অভিযোগের পক্ষে রাষ্ট্রপক্ষ পর্যাপ্ত সাক্ষ্যপ্রমাণ উপস্থাপন করতে পারেনি বলে দাবি করেন তিনি। এ ছাড়া অভিযোগগুলো ফৌজদারি অপরাধের আওতায় পড়ে না বলেও যুক্তি তুলে ধরে সাজা বাতিল চাওয়া হয়েছে।

গত ৩০ জুন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ ইনুকে তিনটি অভিযোগে ১০ বছর করে কারাদণ্ড দেন। সাজাগুলো একসঙ্গে কার্যকর হওয়ায় তাঁর মোট কারাদণ্ড হয় ১০ বছর।

অন্যদিকে, ইনুর সাজা বাড়িয়ে মৃত্যুদণ্ড দেওয়ার আবেদন জানিয়ে আপিল করেছে রাষ্ট্রপক্ষ। গত ৫ অক্টোবর ট্রাইব্যুনালের প্রসিকিউটর গাজী মোনাওয়ার হুসাইন তামীম এ তথ্য জানান।

২০২৪ সালের ২৬ আগস্ট রাজধানীর উত্তরা থেকে ইনুকে গ্রেপ্তার করা হয়। শাপলা চত্বর হত্যাকাণ্ডের মামলাতেও তাঁর বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচার চলছে।